

আন্তর্জাতিক যুব দিবসে জাতিসংঘ মহাসচিব কফি আনানের বাণী

- ১২ আগস্ট ২০০৩

চতুর্থ আন্তর্জাতিক যুব দিবস পালনের প্রাক্কালে বিশ্ব অর্থনীতি এক অনিশ্চয়তার মধ্য দিয়ে অতিবাহিত হচ্ছে। ভঙ্গুর শ্রমবাজারের প্রধান ক্ষতির স্বীকার - তরুণদের মাঝে বেকারত্বের বৃদ্ধি মারাত্মক আকার ধারণ করেছে। শ্রমিক ছাটাই, পুনর্গঠন এবং কাজের ক্ষেত্রসমূহে প্রবেশের অপরিাপ্ত সুযোগ অসংখ্য জীবনকে অর্থনৈতিকভাবে দুর্বিসহ এবং হতাশার দিকে ঠেলে দিচ্ছে। প্রায় সকল ক্ষেত্রেই তারুণ্যের করুণ পরিণতি অপরাধ, মাদকের অপব্যবহার, সামাজিক সংঘর্ষ এমনকি সন্ত্রাসবাদের মাধ্যমে জীবনের অবসান হতে আমরা প্রত্যক্ষ করেছি।

যুব বেকারত্ব এমনই এক সমস্যা যা সকল দেশের জন্যই প্রযোজ্য। আন্তর্জাতিক শ্রম সংস্থা 'ILO' র হিসাব মতে বর্তমানে প্রায় ৭ কোটি ৪০ লাখ যুবক কর্মহীন। পরবর্তী ১০ বছরে আরো ১০০ কোটিরও বেশি মানুষ কর্মসক্ষম বয়সে পদার্পণ করবে। যদিওবা এই নতুন প্রজন্ম পূর্বের যেকোন প্রজন্মের চাইতে অধিক শিক্ষিত, তবুও এইসব যুবকের কর্মসংস্থান করতে অসংখ্য বিপত্তির মুখোমুখি হতে হবে।

আমাদের অবশ্যই এমন কর্মকৌশল ঠিক করতে হবে যা যুবসমাজকে প্রতিটি ক্ষেত্রে যথায়থ এবং সৃষ্টিশীল কাজের সুযোগ করে দেবার মাধ্যমে স্বনির্ভর এবং দায়িত্বশীল বিশ্বনাগরিকে পরিণত করবে। এই কর্মকৌশল বিশ্বব্যাপী যুবকদের কর্মসংস্থান, নিয়োগপ্রাপ্তি, সম-সুযোগ এবং স্ব-উদ্যোগ গ্রহণের প্রণোদনাকে সমন্বিত করবে।

উন্নয়নের বিশ্ব অংশীদারিত্বের অংশ ধরে- যা সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যসমূহের একটি হিসাবে অন্তর্ভুক্ত হয়েছিল- আমি একটি যুব কর্মসংস্থান নেটওয়ার্ক গঠন করেছি এবং সুপারিশকৃত নীতিমালা প্রস্তুত করার জন্যে একটি উচ্চ পর্যায়ের প্যানেল নিযুক্ত করেছি। ৩০-জুন থেকে ১-জুলাই জেনেভায় প্যানেলের দ্বিতীয় বৈঠকে বিশ্বের সকল দেশকে রাষ্ট্রীয় পর্যায়ে কার্যকরী উদ্যোগের মাধ্যমে এই ক্ষেত্রে উৎকৃষ্ট নীতি প্রণয়ন করার চ্যালেঞ্জ জানানো হয়েছে।

বিশ্বব্যাপক, ILO, নেটওয়ার্ক, এবং এর দেশীয় অংশীদার একত্রে জাতীয় যুব কর্মসংস্থান পরিকল্পনা নির্ধারণ করবেন। যুব কর্মসংস্থানের জন্য অর্থবিনিয়োগের উৎসগুলো সক্রিয়করণ, শিক্ষালয় ও কাজের মধ্যে সেতু নির্মাণ, এবং জাতীয় পরিকল্পনার রূপরেখা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে যুবসংগঠনগুলোর উদ্যোগসমূহের কার্যকরী ভূমিকার বিষয়ে নেটওয়ার্কের সকল কাজে আমি পূর্ণ সহযোগিতা দিয়ে যাব। যুবসমাজ কখনই একটা সমাজের জন্যে বোঝা হিসেবে বিবেচিত হওয়া উচিত নয়, বরং তারাই সবচাইতে মূলবান সম্পদ। এপ্রসঙ্গে প্যানেলের একজন সদস্য জোর দিয়ে বলেছেন, 'সমস্যা হচ্ছে বেকারত্ব আর যুবসমাজ এর সমাধান'। আজকের এই আন্তর্জাতিক যুব দিবসে, আসুন আমরা এটা নিশ্চিত করি যে- যেকোন পর্যায়ে যুবসমাজ তাদের সমাজের প্রগতি ও উন্নয়নে অবদান রাখতে সুযোগ পায়।

(জাতিসংঘ তথ্য কেন্দ্র)

** ** *